



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১২০২৫৩২/দিনাজপুর-২৬১/১১১৪/৪

তারিখ: ১০.২.০১৯খ্রি.

বিষয়: নাফানগর দাখিল মাদ্রাসার সুপারের (সাময়িক বরখাস্তকৃত) বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/১০৫২/৪/দিনাজপুর-২৬১; তারিখ: ১৩/০৩/২০১৯
২। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.০৭.০২১.১৫.৪৯৭(৭); তারিখ: ০৫/০৫/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলাধীন নাফানগর দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের হুমকি প্রদান, কতিপয় লোকজন নিয়ে অফিস কক্ষ থেকে বের করে দিয়ে কক্ষ তালাবদ্ধ করে রাখা, মাদ্রাসায় প্রবেশে বাধা প্রদান, মহামান্য আদালতের আদেশ থাকা সত্ত্বেও বেতন-ভাতা প্রদান না করাসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে (সাময়িক বরখাস্তকৃত) সুপার মোহাম্মদ আসগার হসাইন অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত ০১ (এক) নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুরকে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ০২(দুই) নং স্মারকের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা সুপার কর্তৃক আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন এবং সুপারকে দোষী সাব্যস্ত করে প্রতিবেদন প্রেরণ করেন। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন যে, সুপার (সাময়িক বরখাস্তকৃত) বিভিন্ন অনিয়মসহ চলমান সিলেবাসের বই চুরি করে বিক্রি করার মত জঘন্য অপরাধমূলক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত। প্রতিষ্ঠানটি সুন্দরভাবে পরিচালনার জন্য একজন সং ও যোগ্যতাসম্পন্ন সুপারের প্রয়োজন। অন্যথায় প্রতিষ্ঠানটি সামনে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে না। বিধায় সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ আসগার হসাইনের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য তদন্তকারী কর্মকর্তা সুপারিশ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ আসগার হসাইন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ২০ (বিশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী ববারর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক. পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোহাম্মদ আসগার হসাইন, সুপার (সাময়িক বরখাস্তকৃত)
নাফানগর দাখিল মাদ্রাসা
গ্রাম: রঘুনাথপুর, ডাকঘর: পীরগঞ্জ, উপজেলা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১২০২৫৩২/দিনাজপুর-২৬১/ ১১১৪/ ৪

তারিখ: ১০.২.০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, দিনাজপুর;
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর;
৫. সভাপতি, ম্যানেজিং কমিটি, নাফানগর দাখিল মাদ্রাসা, ডাকঘর: সুলতানপুর, উপজেলা: বোচাগঞ্জ, জেলা: দিনাজপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪